# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/রংপুর-০৭/১৩৩

তারিখ: ২২ আশ্বিন ১৪৩২
০৭ অক্টোবর ২০২৫

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন কুতুবপুর সদরা আমিনিয়া সিনিয়র আলিম মাদ্রাসার (ইআইআইএন-১২৭৮৮৮) ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতির বিরুদ্ধে অধ্যক্ষ থাকা অবস্থায় গোপনে নিয়ম বহি:র্ভুতভাবে অধ্যক্ষ নিয়োগ, কোন প্রকার নোটিশ প্রদান না করিয়া সাময়িক বরখাস্ত এবং আপিল এন্ড আরবিটিশন বোর্ডে চুড়ান্ত বরখাস্ত অনুমোদনের জন্য আবেদন করেছেন মর্মে জনাব এ, কে এম রফিকুল ইসলাম একটি আবেদন অত্র বোর্ডে দাখিল করেছেন।

এমতাবস্থায়, অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৭.১০.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, রংপুর।

০৭/১০/২৫

নং-বামাশিবো/প্রশা/ রংপুর-০৭/১৩৩/2

তারিখ: ২২ আশ্বিন ১৪৩২
০৭ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, রংপুর;
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর;
৪. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, কুতুবপুর সদরা আমিনিয়া সিনিয়র আলিম মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর;
৫. সভাপতি/পরিচালনা কমিটি, কুতুবপুর সদরা আমিনিয়া সিনিয়র আলিম মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর;
৬. জনাব জনাব এ, কে এম রফিকুল ইসলাম (অভিযোগকারী), ডাকঘর: পানবাজার, পীরগঞ্জ, রংপুর;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০৭.১০.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৭/১০/২৫

# কুতুবপুর সদরা আমিনিয়া সিনিয়র আলিম মাদ্রাসা

ডাকঘরঃ পানবাজার,উপজেলাঃ পীরগঞ্জ,জেলাঃ রংপুর

স্থাপিতঃ ১৯৪৮ইং

মাদ্রাসা কোড নংঃ-১৪১২৯

এম,পিও কোর্ড নংঃ-৯১০৭০৪২২০২

ইন নং-১২৭৮৮৪

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর

| |
|---|
| তারিখ- |
| রেজিস্ট্রার |
| পরীক্ষা নিয়ন্ত্রক |
| প্রকাশনা নিয়ন্ত্রক |
| উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমন |
| আইসিটি সেল/কম্পিউটার কেন্দ্র |
| জরুরী আলাপ করুন/কথা বলুন |

| |
|---|
| ডাইরি নং- |
| উপ-সহকারী প্রোগ্রামার |
| সেকশন অফিসার (সংস্থাপন) |
| ডি/এ কমিটি |
| ডি/এ সংস্থাপন |
| উপ-রেজিস্ট্রার (প্রশাসন) |

স্মারক নং-৪৭/২০২৫

তারিখঃ ১৪/০৯/২০২৫ইং

বরাবর,

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বখ্শি বাজার

ঢাকা।

**বিষয়ঃ রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন কুতুবপুর সদরা আমিনিয়া সিনিয়র আলিম মাদ্রাসার অবৈধ ভারপ্রাপ্ত অধ্যক্ষ সহকারী অধ্যাপক জনাব, মোঃ আব্দুল ওহাব ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক (অর্থ) ড. কে,এম শফিকুল ইসলাম দ্বয় কর্তৃক অধ্যক্ষ বিদ্যমান থাকা অবস্থায় তথ্য গোপন করে অধ্যক্ষ নিয়োগের অভিযোগ প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন কুতুবপুর সদরা আমিনিয়া সিনিয়র আলিম মাদ্রাসায় গত ০৬/০৪/২০১১ইং তারিখ হতে যথাযথ ভাবে দায়িত্ব পালন করে আসিতেছি।। এমতাবস্থায় বিধি-বহির্ভুত ভাবে তৎকালীন সভাপতি জনাব, মোঃ শহিদুল ইসলাম গং আমাকে ০১/০৭/২০২৪ইং তারিখ হতে সাময়িক বরখাস্ত করেন এবং অত্র মাদ্রাসার সহকারী অধ্যাপক জনাব, মোঃ আব্দুল ওহাব সাহেবকে অত্র মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন। আমাকে সাময়িক বরখাস্তের কোন প্রকার নোটিশ প্রদান না করিয়া সাময়িক বরকাস্তের কাগজ পত্র প্রস্তুত পূর্বক পেশী শক্তির বলে সহকারী অধ্যাপক জনাব, মোঃ আব্দুল ওহাব সাহেব আমাকে মাদ্রাসা যাতায়াতের বাধা এবং মাদ্রাসার হাজিরা খাতায় স্বাক্ষর প্রদানের বাধা অদ্যবধি করিয়া আসিতেছেন। এমতাবস্থায় গত ০৫/০৮/২০২৪ ইং তারিখে সরকার বিলুপ্ত ও সংসদ ভাঙ্গিয়া যাওয়ার পরেও ১৪/০৮/২০২৪ইং তারিখে আমাকে চুড়ান্ত বরখাস্তের অকার্যকর কাগজ পত্র বিধি-বহির্ভুত ভাবে প্রস্তুত পূর্বক গত ২৫/০৮/২০২৫ইং তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিটিশন বোর্ডে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা ফি প্রদান করিয়া আমার চুড়ান্ত বরখাস্ত অনুমোদনের জন্য অকার্যকর কাগজ পত্রাদি সহ আবেদন পত্র দাখিল করেন। যাহা নিস্পত্তির অপেক্ষায় রয়েছে। আমাকে বিধি-বহির্ভুত ভাবে সাময়িক বরকাস্ত করার কারণে আমি মহামান্য হাইকোর্ট বিভাগে ১১৬৩০/২৪নং Writ Petition `দাখিল করি। মহামান্য হাইকোর্ট বিভাগ গত ২৮/১০/২০২৪ইং তারিখে ৬০(ষাট) দিনের সময় দিয়ে আমার অবৈধ সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করার জন্য উপজেলা নির্বাহী অফিসার পীরগঞ্জ মহোদয়কে নির্দেশ প্রদান করেন। উক্ত নির্দেশনার আলোকে উপজেলা নির্বাহী অফিসার পীরগঞ্জ মহোদয় কর্তৃক উভয় পক্ষের শুনানীঅন্তে গত ০২/০২/২০২৫ ইং তারিখে আমার সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করেন। সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করলে সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারকে চ্যালেঞ্জ করে অত্র মাদ্রাসার অবৈধ ভারপ্রাপ্ত অধ্যক্ষ সহকারী অধ্যাপক জনাব, মোঃ আব্দুল ওহাব সাহেব গত ০৫/০২/২০২৫ইং তারিখে রংপুর সহকারী জর্জ আদালতে ৫৮/২০২৫ অন্য মোকদমা দায়ের করেন। যাহা চলমান আছে। চুড়ান্ত বরখাস্ত অনুমোদন এবং ৫৮/২০২৫ অন্য নং মোকদমা চলমান থাকা অবস্থায় পেশী শক্তির বলে অতি গোপনে অত্র মাদ্রাসার গভর্নিং বডি গঠন পূর্বক তার আপন বড় ভাই এম,এইচ, মোঃ মমিনুল হক মিয়াকে সভাপতি করে আমাকে/অত্র মাদ্রাসার অধ্যক্ষ পদ শুন্য ঘোষনা করেন এবং ০৬/০৭/২০২৫ইং তারিখে অধ্যক্ষ নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান সহ গত ৩১/০৭/২০২৫ইং তারিখে মাদ্রারাসা শিক্ষা অধিদপ্তর হতে মহা- পরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন গ্রহন করেন। মহা-পরিচালক মহোদয়ের মনোনিত মহোদয় জনাব ড. কে, এম শফিকুল ইসলাম সাহেবের সহিত যোগাযোগ পূর্বক গত ২৯/০৮/২০২৫ইং তারিখে অত্র মাদ্রাসায় স্থান নির্ধারন না করে অজ্ঞাত স্থানে অধ্যক্ষ নিয়োগ পরীক্ষা গ্রহণ পূর্বক অত্র পীরগঞ্জ উপজেলার মন্ডলের বাজার দাখিল মাদ্রাসার সুপার, জনাব, মোঃ সাদেকুল ইসলামকে অত্র মাদ্রাসার অধ্যক্ষ হিসেবে নির্বাচিত করায় অত্যান্ত জটিলতা সৃষ্টি করেছেন।

চলমান পাতা-২

অপর দিকে আমার জন্ম তারিখ এমপিওর কপিতে ০১/০১/১৯৬৫ইং বিদ্যমান থাকায় আমার নাম জানুয়ারী ২০২৫ইং মাসের এমপিওর কপি হতে কর্তন হয়। সঠিক জন্ম তারিখ এমপিওর কপিতে প্রতিস্থাপিত করার জন্য আমি ২০২১ইং সাল হতে তৎকালীন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বহুবার মদ্রারাসা অধিদপ্তরে আবেদন পত্র দাখিল করি। আমার জন্ম তারিখ সর্বশেষ যাচাইয়ের জন্য মদ্রারাসা শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক (অর্থ) জনাব, ড. কে,এম শফিকুল ইসলাম, (মোবাইল নং-০১৭১১-১১২৯২৩) কর্তৃক স্বাক্ষরিত স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০০.০০৯.২৮.০০০১.২৩.১৩৪ তারিখ ১৩ জুলাই ২০২৫খ্রিঃ মদ্রারাসা শিক্ষা বোর্ডে পত্র প্রেরণ করেন। মদ্রারাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০০.০১২.১৭.০০০১.২৪.৫৯ তারিখ ২৩ জুলাই ২০২৫খ্রিঃ পত্র দ্বারা আমার দাখিল সনদ ও জন্ম তারিখ যথাযথ সঠিক আছে মর্মে মদ্রারাসা শিক্ষা অধিদপ্তরের উপপরিচলক (অর্থ) ড. কে,এম শফিকুল ইসলাম সাহেবকে অবহিত করেন। অবশেষে জানুয়ারী ২০২৫ইং মাসের এমপিওর কপি হতে আমার নাম কর্তন হলে মহামান্য হাইকোর্ট বিভাগে ৫১৭১/২৫নং- Writ Petition দাকিল করি। মহামান্য হাইকোর্ট বিভাগ গত ১৯/০৩/২০২৫ ইং তারিখে আমার আবেদন নিস্পত্তি করার জন্য মহা-পরিচালক মদ্রারাসা শিক্ষা অধিদপ্তর মহোদয়কে ৬০(ষাট) দিনের মধ্যে নিস্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন। উক্ত নির্দেশনার আলোকে আমার জন্ম তারিখ সংশোধন চেয়ে এমপিওতে নাম অন্তভূক্ত করার জন্য বারবার আবেদন পত্র মদ্রারাসা অধিদপ্তরে দাখিল করি। এমতাবস্থায় আগষ্ট ২০২৫ইং মাসের এমপিওর কপিতে আমার নাম পূনরায় অন্তর্ভূক্ত হয়। আরও উল্লেখ্য যে, আমার নাম এমপিওর কপিতে অন্তর্ভূক্ত করণঃ সহ বকেয়া বেতন-ভাতা চাহিয়া শিক্ষা মন্ত্রনালয়, কারিগরি ও মাদ্রারাসা শিক্ষা বিখাগ এমপিও শাখায় আবেদন করলে আমার আবেদন বিধি মোতাবেক নিস্পত্তি করার জন্য মহা-পরিচালক মদ্রারাসা শিক্ষা অধিদপ্তরের মহোদয়কে শিক্ষা মন্ত্রনালয় কর্তৃক নির্দেশনা প্রদান করেন। উল্লিখিত ব্যবস্থাপনা চলমান এবং আমি অত্র মাদ্রাসার অধ্যক্ষ হিসেবে বিদ্যমান থাকা অবস্থায় অত্র মাদ্রারাসার অবৈধ ভারপ্রাপ্ত অধ্যক্ষ সহকারী অধ্যাপক জনাব, মোঃ আব্দুল ওহাব সাহেব বর্ণিত সবকিছু তথ্য গোপন পূর্বক অত্র মাদ্রাসার অধ্যক্ষ পদ শুন্য দেখাইয়া উভয়ে অধ্যক্ষ নিয়োগ করেছেন। সেহেতু উক্ত নিয়োগ বাতিল পূর্বক অবৈধ ভারপ্রাপ্ত অধ্যক্ষ সহকারী অধ্যাপক জনাব, মোঃ আব্দুল ওহাব সাহেবের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্য সবিনয়ে আবেদন করছি।

অতএব, মহোদয় সমীপে একান্ত আরজ এই যে, বর্ণিত বিষয় সমুহে প্রতি সুবিবেচনা করতঃ পরবর্তী আইনগত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

(এ,কে,এম রফিকুল ইসলাম)
অধ্যক্ষ
কুতুবপুর সদরা আমিনিয়া সিনিয়র আলিম মাদ্রাসার,
পীরগঞ্জ,রংপুর।
মোবাইল নং-০১৭২৪-৪২৪১৩৯

সংযুক্তি

সংযুক্তি ৪১ পাতা।

১। তৎকালীন গভর্নিং বডির অনুমোদিত ফটোকপি ১ পাতা

২। ১৪/০৮/২০২৪ ইং তারিখের গভর্নিং বডি কর্তৃক চুড়ান্ত বরখাস্তের সিদ্ধান্তের কপি ২ পাতা।

৩। ২৫/০৮/২০২৪ ইং তারিখের চুড়ান্ত বরখাস্তের কাগজ পত্রাদি বোর্ডে জমা প্রাপ্তি স্বীকার পত্র ১ পাতা।

৪। ১১৬৩০/২৪ নং Writ Petition আদেশ নামা ৩ পাতা।

৫। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অভিযোগ শুনানীর মতামত পত্রের ছায়া কপি ৩ পাতা।

৬। উপজেলা নির্বাহী অফিসার পীরগঞ্জ মহোদয় কর্তৃক ০২/০২/২০২৫ইং তারিখের সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারের কপি ১ পাতা।

৭। সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার চ্যালেঞ্জ করে জনাব, মোঃ ওহাব কর্তৃক রংপুর জজ আদালতে ৫৮/২০২৫নং অন্য মোকদ্দমার কপি ৭ পাতা।

৮। বর্তমান গভর্নিং বডির ফটোকপি ১ পাতা।

৯। ০৬/০৭/২০২৫ইং তারিখের অধ্যক্ষ নিয়োগের ফটোকপি ১ পাতা।

১০। ৩১/০৭/২০৫ ইং তারিখের মহাপরিচালক মহোদয়ের মনোনিত প্রতিনিধি মনোনয়ন পত্রের ফটোকপি ১ পাতা।

১১। আমার জন্ম তারিখের সংশোধনের ১৮/০১/২০২১ ইং তারিখের আবেদন পত্র ১ পাতা।

১২। আমার জন্ম তারিখের সংশোধনের সর্বশেষ ২৫/০৬/২০২৫ ইং তারিখের আবেদন পত্র ১ পাতা।

১৩। জন্ম তারিখের সংশোধনের জন্য গত ১৯/০৩/২০২৫ইং তারিখের ৫১৭১২৫নং- Writ Petition আদেশ নামার কপি ২ পাতা।

১৪। আগষ্ট ২০২৫ইং মাসের এমপিওর কপি ৩ পাতা।

১৫। শিক্ষা মন্ত্রনালয় কর্তৃক আমার জন্ম তারিখ বিধি- মোতাবেক সংশোধনের জন্য আদেশ নামার ফটোকপি ৩ পাতা।

১৬। আমার সনদ ও জন্ম তারিখ যাচাইয়ের জন্য মাদ্রারাসা অধিদপ্তর হতে মাদ্রারাসা শিক্ষা বোর্ডে গত ০৯/০৯/২০২৪ইং ও ১৩/০৬/২০২৫ইং দ্বয়ের আদেশ পত্র ৫ পাতা।

১৭। গত ২৩/০৬/২০২৫ইং তারিখের মাদ্রারাসা শিক্ষা বোর্ড কর্তৃক আমার সনদ ও যাচাই পত্র ১ পাতা।

১৮। দাখিল সনদ, নিবন্ধন সনদ, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ৩ পাতা।

১৭/০৯/২৫

এ.কে.এম রফিকুল ইসলাম
অধ্যক্ষ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
২নং অয়ারলেস রোড, মগবাজার, ঢাকা-১২১৭
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616601, 58617068, 9615576

নং- বামাশিবো/প্রশা/330221278881/65013/নথি নং - তারিখ: 18-09-2022 খ্রিঃ

## প্রজ্ঞাপন

জেলা:RANGPUR উপজেলা/থানা:PIRGANJ এর অধীন KUTUBPUR FAZIL MADRASAH পরিচালনার জন্য বাংলাদেশ মাদ্রাসা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯-এর সংশ্লিষ্ট প্রবিধান অনুসারে নিম্নেবর্ণিত সদস্যদের সমন্বয়ে গভর্ণিং বডি/ম্যানেজিং কমিটি/সংস্থা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়নসহ ১ম অনুষ্ঠানের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য বোর্ড কর্তৃক অনুমোদন দেয়া হলো।

| ক্রমিক নং | সদস্যগণের নাম | পদবী |
|---|---|---|
| 1 | MD. JCHAD ALI SARKAR | দাতা সদস্য |
| 2 | ABDUR RASHID | অভিভাবক সদস্য |
| 3 | MD. TOWHIDUL ISLAM | অভিভাবক সদস্য |
| 4 | MD. NURU MIA | অভিভাবক সদস্য |
| 5 | MD. SHAHADOT HOSEN | অভিভাবক সদস্য |
| 6 | MST. SANTONA BEGUM | সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য |
| 7 | MD. AYUB ALI | সাধারণ শিক্ষক সদস্য |
| 8 | MOST. TUNGILA KHATUN | সাধারণ শিক্ষক সদস্য |
| 9 | MD. BELAL HOSEN | সাধারণ শিক্ষক সদস্য |
| 10 | MISS. SULTANA BEGUM | সংরক্ষিত মহিলা শিক্ষক সদস্য |
| 11 | অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ | সদস্য সচিব |
| 12 | জনাব মো: শহিদুল ইসলাম | সভাপতি |

**বিশেষ দ্রষ্টব্য:**

ক. মাদ্রাসার স্বার্থ পরিপন্থী কর্মকান্ডের জন্য প্রবিধানমালা ২০০৯ এর সংশ্লিষ্ট প্রবিধান অনুসারে এ কমিটি যে কোন সময় বাতিল করা যাবে।

খ. বর্তমান কমিটির মেয়াদকালীন মধ্যে বিধি মোতাবেক পরবর্তী নিয়মিত গভর্ণিং বডি/ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।

গ. কমিটি অনুমোদনের প্রজ্ঞাপন জারির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রবিধান ৩৩(১) অনুসারে ১ম সভা অনুষ্ঠান করতে হবে। উক্ত সভায় ০১জন শিক্ষানুরাগী ব্যক্তিকে বিদ্যোৎসাহী সদস্য হিসাবে কো-অপ্ট করে বোর্ডকে অবহিত করতে হবে।


ঘ. অনুমোদিত কমিটিকে বোর্ড ও সরকার কর্তৃক জারিকৃত বিধি বিধান অনুসারে কার্যক্রম পরিচালনা করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

উপ-রেজিষ্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢা

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৪. জেলা প্রশাসক RANGPUR
৫. উপজেলা নির্বাহী অফিসার PIRGANJ, RANGPUR
৬. জেলা শিক্ষা অফিসার RANGPUR
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার PIRGANJ, RANGPUR
৮. সভাপতি গভর্ণিং বডি, KUTUBPUR FAZIL MADRASAH, PIRGANJ, RANGPUR
৯. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ KUTUBPUR FAZIL MADRASAH, PIRGANJ, RANGPUR
১০. ম্যানেজার সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক _________ শাখা,PIRGANJ, RANGPUR
১১. অফিস কপি।




06-11-24, 06-11-24, 06-11-24, 06-11-11-24, 06-11-24

IN THE SUPREME COURT OF BANGLADESH
HIGH COURT DIVISION
(SPECIAL ORIGINAL JURISDICTION)

**WRIT PETITION No. 11630 of 2024**

IN THE MATTER OF:

An application under Article 102 (2) of the Constitution of the people's Republic of Bangladesh.

AND

IN THE MATTER OF:

Inaction of the Respondent No. 4 in disposing of the applications dated 02.09.2024 filed by the petitioner (Annexure F and F-1 to the Writ Petition)

AND

IN THE MATTER OF:

Order dated 01.07.2024 issued by the Respondent No.6 suspending the petitioner from the post of Principal, Kutubpur Sadra Aminia Senior Alim Madrasha, Post Office- Panbazar, Police Station- Pirganj, District- Rangpur, EIN No. 127888 (Annexure C).

AND

IN THE MATTER OF:

A.KM. Rafiqul Islam, Son of late Fazal Uddin Bepari and late Khadiza Begum, Of village- Badal Kha, Post Office- Ghergar Bazar, Police Station- Sadullapur, District- Gaibandha; Principal (under suspension), Kutubpur Sadra Aminia Senior Alim Madrasha EIN No. 127888, Post Office-Panbazar, Police Station- Pirganj, District- Rangpur.

VERSUS-

.....Petitioner

এ,কে,এম রফিকুল ইসলাম
অধ্যক্ষ
কুতুবপুর সদরা আমিনিয়া সিনিয়র আলিম মাদ্রাসা
ডাকঘর-পান বাজার, পীরগঞ্জ, রংপুর।

পাতা-১

অভিযোগের শুনানীর মতামত প্রদান

নথি উপস্থাপন করা হলো। এ কার্যালয়ের স্মারক নং ০৫.৪৭.০৭৭৭.০০.৪০০.০৮৮.২৪-১৩৬৩ তারিখ:- ১০.১১.২০২৪খ্রি.একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত পত্রে ১৩/১১/২০২৪খ্রি. তারিখ: বিকাল ০৩.০০ ঘটিকার সময় বাদী (১) জনাব আব্দুল ওহাব সহকারী অধ্যাপক, (জনাব মোছা: ফরিদা পারভিন অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, বিবাদী:- জনাব এ,কে,এম রফিকুল ইসলাম, অধ্যক্ষ (সময়িক বরখাস্ত) কুতুবপুর সদরা আমিনিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসা পীরগঞ্জ, রংপুর উভয়পক্ষকে শুনানীর জন্য নোটিশ প্রদান হয়। তৎ প্রেক্ষিতে উভয়পক্ষ শুনানীর দিন উপস্থিত হয়ে স্ব-স্ব পক্ষের বক্তব্য ও প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করেন। সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত কাগজপত্রাদি ও উভয়পক্ষের বক্তব্য পর্যালোচনা করে দেখা যায় যে,

রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন কুতুবপুর সদরা আমিনিয়া ফাজিল মাদ্রাসাটি অবস্থিত। গত ০৮/১১/২০১৫খ্রি. তারিখে জনাব মো: রইচ মিয়া, পিতা- মৃত- মোহাম্মদ আলী, সাং- কাশিমপুর, ডাকঘর- পানবাজার,পীরগঞ্জ, রংপুরকে নৈশ প্রহরী পদে নিয়োগ দেয়া হয়। তথপ্রেক্ষিতে নৈশ প্রহরী গত ১৪.১১.২০১৫খ্রি. তারিখে স্ব-পদে চাকুরীতে যোগদান করেন। নথিস্থ কাগজপত্রে দেখা যায় জাতীয় পরিচয়পত্রে উক্ত নৈশ প্রহরীর জন্ম ১৩.০৫.১৯৫৭খ্রি. তারিখ লিপিবদ্ধ আছে। কিন্তু দাখিলকৃত নিবন্ধন সনদে জন্ম তারিখ ৩০.০৬.১৯৮০খ্রি. লিপিবদ্ধ আছে। জাতীয় পরিচয়পত্রে উল্লেখিত জন্ম তারিখ অনুযায়ী গত ১২/০৫/২০১৭খ্রি. তারিখে উক্ত নৈশ প্রহরীর চাকুরীর বয়স ৬০ (ষাট) বছর পুর্ণ হয়েছে। গত ২৮.৯.২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত গভার্ণিং বডির সভায় উক্ত উক্ত নৈশ প্রহরীর চাকুরীর বয়স গত ১২/০৫/২০১৭খ্রি. তারিখে ৬০ (ষাট) বছর পুর্ণ হওয়ায় তার নাম এমপিও সিট হতে কর্তন ও চাকুরীহতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়াও উক্ত নৈশ প্রহরী জনাব মো: রইচ মিয়া, জাতীয় পরিচয় পত্র অনুযায়ী প্রকৃত জন্ম তারিখ ও অন্যান্য তথ্য গোপন করে মিথ্যা ও বানোয়াট তথ্য দিয়ে এমপিও সিটে নাম অন্তরর্ভুক্ত করায় তার নাম কর্তন করার জন্য এবং বরাদ্দকৃত অর্থ উত্তোলন না করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্টানের অধ্যক্ষকে স্মারক নং উ:মা:শি:অ:পীর:/রংপুর:/২০১৬/৪৫২ তারিখ ১৪.১২.২০১৬খ্রি. তারিখে পত্র মারফত জানানো হয়। উক্ত সময়ে দায়িত্বরত অধ্যক্ষ এ,কে,এম রফিকুল ইসলাম উক্ত নৈশ প্রহরী জনাব মো: রইচ মিয়াকে বেতন–ভাতাদি প্রদান করেন নাই। অপরদিকে উক্ত আদেশ ও বিধিবিধান অমান্য করে বর্তমান দায়িত্বপ্রাপ্ত কুতুবপুর সদরা আমিনিয়া ফাজিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আব্দুল ওহাব মিয়া, ২০২৩-২০২৪অর্থ বছরের ১২ (বার) মাস ২০২৪-২০২৫ অর্থ বছরের ০৬ (ছয়)মাস সর্বমোট ১৮(আঠার) মাসের বেতন-ভাতাদি প্রদান করেন। যা বে সরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা- ২০১৮(২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর সম্পূর্ণ পরিপন্থি।

অপরদিকে কুতুবপুর সদরা আমিনিয়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ(সাময়িক বরখাস্ত) এ,কে,এম রফিকুল ইসলামকে বিধি-বহির্ভূতভাবে প্রাক্তন সংশ্লিষ্ট মাদ্রাসার সভাপতি জনাব মো: শহিদুল ইসলাম গভার্ণিং বডির সিদ্ধান্ত ব্যতিত ১০/০৬/২০২৪খ্রি. তারিখে স্মারক নম্বর বিভীন কারণ দর্শাণোর নোটিশ সৃজন করে অধ্যক্ষের নিকট প্রেরণ পত্র পাওয়া যায়। যাহা সংশ্লিষ্ট মাদ্রাসার পিয়ন/ডাকযোগে প্রেরণ করার কোন প্রাপ্তি স্বীকার পাওয়া নাই। পক্ষান্তরে ৩০/৬/২০২৪খ্রি. তারিখে গভার্ণিং বডির সভায় কারণ দর্শাণোর উল্লেখ না করে সংশ্লিষ্ট মাদ্রাসার প্রাক্তন সভাপতির অভিমত/প্রস্তাব আণয়ন পূর্বক সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত গ্রহণ করেন। অপরদিকে ০১/০৭/২০২৪খ্রি. তারিখে স্মারক বিহীন সাময়িক বরখাস্ত পত্রখানা অধ্যক্ষ কর্তৃক প্রাপ্তী স্বীকারের কোন প্রমাণ পাওয়া যায় নাই।

৫ই আগষ্ট/২০২৪খ্রি. তারিখে বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের কমিটির সভাপতির পদ বিলুপ্ত হওয়ায় বে-সরকারী শিক্ষা প্রতিষ্টানের সভাপতি উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার থাকা সত্বেও সংশ্লিষ্ট মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আব্দুল ওহাব কর্তৃক বিধি বহির্ভূতভাবে ১৪/৮/২০২৪খ্রি.তারিখে গভার্ণিং বডির চুড়ান্ত বরখাস্তের সভা অনুষ্ঠান করে ২৫/৮/২০২৪খ্রি. চুড়ান্ত অনুমোদনের জন্য রেজিষ্টার বাংলাদেশ মাদ্রসা মাদ্রাসা শিক্ষা বোর্ড ঢাকা বরাবর প্রেরণ করেন।

২৮.৯.২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত গভার্ণিং বডির সভায় উক্ত উক্ত নৈশ প্রহরীর চাকুরীর বয়স গত ১২/০৫/২০১৭খ্রি. তারিখে ৬০ (ষাট) বছর পুর্ণ হওয়ায় তার নাম এমপিও সিট হতে কর্তন ও চাকুরীহতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়াও উক্ত নৈশ প্রহরী জনাব মো: রইচ মিয়া, জাতীয় পরিচয় পত্র অনুযায়ী প্রকৃত জন্ম তারিখ ও অন্যান্য তথ্য গোপন করে মিথ্যা ও বানোয়াট তথ্য দিয়ে এমপিও সিটে নাম অন্তর্ভুক্ত করায় তার নাম কর্তন করার জন্য এবং বরাদ্দকৃত অর্থ উত্তোলন না করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষকে স্মারক নং উ:মা:শি:অ:পীর:/রংপুর:/২০১৬/৪৫২ তারিখ ১৪.১২.২০১৬খ্রি. তারিখে পত্র মারফত জানানো হয়। উক্ত সময়ে দায়িত্বরত অধ্যক্ষ এ,কে,এম রফিকুল ইসলাম উক্ত নৈশ প্রহরী জনাব মো: রইচ মিয়াকে বেতন-ভাতাদি প্রদান করেন নাই। অপরদিকে উক্ত আদেশ ও বিধিবিধান অমান্য করে বর্তমান দায়িত্বপ্রাপ্ত কুতুবপুর সদরা আমিনিয়া ফাজিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আব্দুল ওহাব মিয়া, ২০২৩-২০২৪অর্থ বছরের ১২ (বার) মাস ২০২৪-২০২৫ অর্থ বছরের ০৬ (ছয়)মাস সর্বমোট ১৮(আঠার) মাসের বেতন-ভাতাদি প্রদান করেন। যা বে সরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা- ২০১৮(২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর সম্পূর্ণ পরিপন্থি।

অপরদিকে কুতুবপুর সদরা আমিনিয়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ(সাময়িক বরখাস্ত) এ,কে,এম রফিকুল ইসলামকে বিধি-বহির্ভূতভাবে প্রাক্তন সংশ্লিষ্ট মাদ্রাসার সভাপতি জনাব মো: শহিদুল ইসলাম গভার্ণিং বডির সিদ্ধান্ত ব্যতিত ১০/০৬/২০২৪খ্রি. তারিখে স্মারক নম্বর বিহীন কারণ-দর্শানোর নোটিশ সৃজন করে অধ্যক্ষের নিকট প্রেরণ পত্র পাওয়া যায়। যাহা সংশ্লিষ্ট মাদ্রাসার পিয়ন/ডাকযোগে প্রেরণ করার কোন প্রাপ্তি স্বীকার পাওয়া নাই। পক্ষান্তরে ৩০/৬/২০২৪খ্রি. তারিখে গভার্ণিং বডির সভায় কারণ দর্শানোর উল্লেখ না করে সংশ্লিষ্ট মাদ্রাসার প্রাক্তন সভাপতির অভিমত/প্রস্তাব আণয়ন পূর্বক সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত গ্রহণ করেন। অপরদিকে ০১/০৭/২০২৪খ্রি. তারিখে স্মারক বিহীন সাময়িক বরখাস্ত পত্রখানা অধ্যক্ষ কর্তৃক প্রাপ্তী স্বীকারের কোন প্রমাণ পাওয়া যায় নাই।
৫ই আগষ্ট/২০২৪খ্রি. তারিখে বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের কমিটির সভাপতির পদ বিলুপ্ত হওয়ায় বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার থাকা সত্বেও সংশ্লিষ্ট মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আব্দুল ওহাব কর্তৃক বিধি বহির্ভূতভাবে ১৪/৮/২০২৪খ্রি.তারিখে গভার্ণিং বডির চুড়ান্ত বরখাস্তের সভা অনুষ্ঠান করে ২৫/৮/২০২৪খ্রি. চুড়ান্ত অনুমোদনের জন্য রেজিষ্টার বাংলাদেশ মাদ্রসা মাদ্রাসা শিক্ষা বোর্ড ঢাকা বরাবর প্রেরণ করেন।

অপরদিকে মহামান্য হাইকোর্ট বিভাগে ২৮/১০/২০২৪খ্রি. তারিখে রীট পিটিশন নম্বর ১১৬৩০/২৪ আদেশে উল্লেখ রয়েছে যে, "However, in the facts and circumstances of the case, we deem it fit and proper to direct the respondent No. 4 to dispose of the petitioner's applications dated 02.09.2024 (Annexure-F and F-1 to the Writ Petition) within a given time-frame.

Accordingly, we direct the respondent No. 4 to dispose of the aforesaid application within 60(sixty) days from the date of receipt of a copy of this order " বিষয়টি নিষ্পত্তির জন্য আদেশ প্রদান করেন।

সার্বিক মন্তব্য: বাদী বিবাদীর উপস্থাপিত সভার নোটিশ, সভার রেজুলেশন স্মারক বিহীনপত্র ও ৫/৮/২০২৪খ্রি. তারিখের পর প্রাক্তন সভাপতির দ্বারা জনাব এ,কে,এম রফিকুল ইসলাম, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত) কুতুবপুর সদরা আমিনিয়া ফাজিল মাদ্রাসা পীরগঞ্জ, রংপুরকে চুড়ান্ত বরখাস্ত করা বিধিসম্মত হয়নি। যেহেতু মহামান্য হাইকোর্ট বিভাগে ২৮/১০/২০২৪খ্রি. তারিখে রীট পিটিশন নম্বর ১১৬৩০/২৪ আদেশে জনাব এ,কে,এম রফিকুল ইসলাম, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত) কুতুবপুর সদরা আমিনিয়া ফাজিল মাদ্রাসা পীরগঞ্জ, রংপুর স্বপদে বহাল করা ।
উভয়পক্ষের পক্ষের স্ব-স্ব বক্তব্যের আলোকে প্রাথমিক ভাবে প্রমানিত হয় যে, ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক অভিযোগের সত্যতা পাওয়া যায়নি। তদন্ত কর্মকর্তার প্রতিবেদনে দেখা যায় যে, জনাব মো: রইচ মিয়া নৈশ প্রহরীর চাকুরীর বয়স জাতীয় পরিচয় পত্র অনুযায়ী ১৩/০৫/১৯৫৭খ্রি.তারিখ হওয়ায় ১২.০৫.২০১৭ইংখ্রি. তারিখে ৬০(ষাট) বছর পুর্ণ

হওয়ায় এমপিও সিট হতে তার নাম কর্তনের ব্যবস্থাসহ সরকারী অর্থ সংশ্লিষ্ট কোষাগারে জমা প্রদানের জন্য পত্র প্রেরণ করা হলেও জনাব আব্দুল ওহাব (ভারাপ্রাপ্ত) অধ্যক্ষ তা করেননি।

সর্বশেষ অভিযোগের তদন্তকারী কর্মকর্তা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,পীরগঞ্জ, রংপুর এর ১৭/০২/২০২৫খ্রি. তারিখে উ:মা:শি:অ/পীর/রং/তদন্ত/১৯১/২০২৫/৪০৯স্মারকে তদন্তকারী কর্মকর্তার মন্তব্য দেখা যায় প্রাক্তন অধ্যক্ষ জনাব এ,কে,এম রফিকুল ইসলাম, নৈশ প্রহরী জনাব মো: রইচ মিয়া এর নিয়োগ প্রক্রিয়া ও এমপিও ভুক্তির যাবতীয় কার্যক্রম সম্পাদন করেন এবং অদ্যাবধি নৈশ প্রহরী পদে কর্মরত আছেন। সাবেক অধ্যক্ষ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নির্দেশ অমান্য করে উক্ত কর্মচারীর এমপি কর্তনের কোন ব্যবস্থা গ্রহণ নেননি। পরবর্তীতে জনাব এ,কে,এম রফিকুল ইসলাম বরখাস্ত হলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আব্দুল ওহাব ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক উক্ত কর্মচারীর বেতন-ভাতা ছাড়করণ আইনগত অবৈধ মমে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর ২১৫৩/২০১৯ এ বেতন-ভাতার কথা উল্লেখ রয়েছে কিন্তু বয়স সংশোধের কথা উল্লেখ নাই।

পরিশেষে বিধি-বহির্ভূতভাবে,২০২৩-২০২৪অর্থ বছরের ১২ (বার) মাস ২০২৪-২০২৫ অর্থ বছরের ০৬ (ছয়)মাস সর্বমোট ১৮(আঠার) মাসের বেতন-ভাতাদি প্রদান করে সরকারী অর্থ অপচয় করার কারণে বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় জনাব মো: রইচ মিয়া, নৈশ প্রহরীর নাম এম,পি,ও সিট হতে নাম কর্তনসহ জনাব মো: আব্দুল ওহাব (ভারপ্রাপ্ত)অধ্যক্ষ সাহেবের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যায়।

৩০/২/২৫

উপজেলা ... অফিসার
পীরগঞ্জ, রংপুর